

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৮৩.২০১৯/১৮০৮/২

তারিখ: ৩২/০১/১৪২৬বঙ্গাব্দ
১৪/০৫/২০১৯খ্রিস্টাব্দ


বিষয়: বকেয়া বেতন-ভাতা প্রদান।

সূত্র: অধক্ষের পত্র নং-১০৪৯(২); তারিখ: ১২/০২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলাধীন দুর্গাপুর মহিলা ডিগ্রি কলেজের জনাব গৌতম কুমার মল্লিক, ইনডেক্স-৪১৪৫২০, সহকারী অধ্যাপক, অর্থনীতি কে গর্ভনিং বডি'র সভার সিদ্ধান্ত মোতাবেক ২০/০৮/২০১৭খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। অতঃপর ০৫/০১/২০১৯খ্রি. তারিখে গর্ভনিং বডি'র সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁর সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হয়। সাময়িক বরখাস্ত থাকাকালীন তিনি প্রতি মাসে খোরপোষ ভাতা (অর্ধেক মূলবেতন) উত্তোলন করেন। বাকী অর্ধেক মূল বেতন উত্তোলন করতে পারেন নাই বিধায় অনুত্তোলিত বেতনাদি উত্তোলনের জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

জনবল কাঠামো-২০১৮ এর ১৮.৫ ধারা মোতাবেক “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


১৬.০৫.১৯

(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
দুর্গাপুর মহিলা ডিগ্রি কলেজ
দুর্গাপুর, নেত্রকোনা

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, দুর্গাপুর মহিলা ডিগ্রি কলেজ, দুর্গাপুর, নেত্রকোনা
- ২। সংরক্ষণ নথি।